# বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট আইন, ২০১৬

( ২০১৬ সনের ৪৭ নং আইন )

**Bangabandhu National Agriculture Award Fund Ordinance, 1976 রহিতক্রমে উহা পরিমার্জনপূর্বক পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের ৩ক ও ১৮ অনুচ্ছেদ বিলুপ্ত হওয়ায় এবং সিভিল পিটিশন ফর লীভ টু আপিল নং ১০৪৪-১০৪৫/২০০৯ এ সুপ্রীম কোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধত প্রদানকারী সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৬নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে Bangabandhu National Agriculture Award Fund Ordinance, 1976 (Ordinance No. LXXXVII of 1976) রহিতক্রমে উহা পরিমার্জনপূর্বক পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট আইন, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে এই আইন কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। সংজ্ঞা।— বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই আইনে,-

(১) “কৃষি” অর্থে শস্য উৎপাদন, শাক-সবজী ও ফলমূল ও বিভিন্ন ধরনের ফুল চাষ, দুগ্ধ খামার স্থাপন ও প্রতিপালন, গবাদি পশু ও হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ

বা ধনায়ন অন্তর্ভুক্ত হইবে;

(২)"চেয়ারম্যান" অর্থ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান;

(৩)"ট্রাস্ট" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট;

(৪)"ট্রাস্টি বোর্ড" অর্থ ধারা ৬ এর অধীন গঠিত ট্রাস্টি বোর্ড;

(৫)"তহবিল" অর্থ ধারা ১০ এর অধীন গঠিত বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট তহবিল;

(৬)"পুরস্কার" অর্থ ধারা ৯ এ উল্লিখিত বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার;

(৭)"প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৮)"বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি; এবং

(৯)"সদস্য" অর্থ ট্রাস্টি বোর্ডের সদস্য।

**ট্রাস্ট প্রতিষ্ঠা**

৩।(১) এই আইন কার্যকর হইবার পর সরকার, যথাশীঘ্র সম্ভব, 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার ট্রাস্ট' নামে একটি ট্রাস্ট প্রতিষ্ঠা করিবে।

(২) ট্রাস্ট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং উহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং উহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং উহা স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**ট্রাস্টের কার্যালয়, পরিচালনা ও প্রশাসন**

৪। (১) ট্রাস্টের কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) ট্রাস্টের পরিচালনা ও প্রশাসন ট্রাস্টি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে।

(৩) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন অন্যূন যুগ্ম-সচিব ট্রাস্টের প্রধান নির্বাহী হিসাবে দায়িত্ব পালন করিবেন।

**ট্রাস্টের লক্ষ্য ও উদ্দেশ্য**

৫। ট্রাস্টের প্রধান লক্ষ্য ও উদ্দেশ্য হইবে ধারা ৯ এর উপ-ধারা (৫) এ উল্লিখিত বিষয়ে বিশেষ অবদানের জন্য কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সমবায় সমিতিকে পুরস্কার প্রদান, তহবিল গঠন ও পরিচালনা এবং আনুষঙ্গিক ব্যবস্থাদি গ্রহণ করা।

**ট্রাস্টি বোর্ডের গঠন**

৬। (১) ট্রাস্ট পরিচালনার জন্য একটি ট্রাস্টি বোর্ড থাকিবে এবং নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে উহা গঠিত হইবে, যথা :-

(ক) কৃষি মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) পরিবেশ ও বন মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী;

(গ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী বা প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী;

(ঘ) জাতীয় সংসদের স্পীকার কর্তৃক মনোনীত ২ (দুই) জন সংসদ-সদস্য;

(ঙ) সচিব, কৃষি মন্ত্রণালয়;

(চ) উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, পদাধিকারবলে;

(ছ) উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ, পদাধিকারবলে;

(জ) উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর, পদাধিকারবলে;

(ঝ) উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা, পদাধিকারবলে;

(ঞ) কৃষি কাজে অভিজ্ঞ ব্যক্তিগণের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত দুইজন বেসরকারি ব্যক্তি; এবং

(ট) ট্রাস্টের প্রধান নির্বাহী, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ঞ) এ উল্লিখিত মনোনীত সদস্য মনোনয়নের তারিখ হইতে ২ (দুই) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন:

তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনবোধে, উক্ত সদস্যকে মেয়াদ শেষ হইবার পূর্বে, কোন কারণ-দর্শানো ব্যতিরেকে, অব্যাহতি প্রদান করিতে পারিবে :

আরো শর্ত থাকে যে, সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে উক্ত সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

(৩) কেবল কোন সদস্য পদে শূন্যতা বা ট্রাস্টি বোর্ড গঠনে ত্রুটি থাকিবার কারণে ট্রাস্টি বোর্ডের কোন কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা তৎসম্পর্কে কোথাও কোন প্রশ্ন বা আপত্তি উথাপন করা যাইবে না।

**ট্রাস্টি বোর্ডের ক্ষমতা ও কার্যাবলি**

৭। ট্রাস্টি বোর্ডের ক্ষমতা ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :-

(ক) ট্রাস্টের কার্যক্রম সার্বিকভাবে পরিচালনা ও নিয়ন্ত্রণ;

(খ) পুরস্কার মঞ্জুরির লক্ষ্যে প্রয়োজনীয় সকল কার্য সম্পাদন;

(গ) ট্রাস্টের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে কার্যক্রম গ্রহণের জন্য বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন, অর্থায়ন এবং প্রয়োজনীয় অন্যান্য কার্যক্রম গ্রহণ;

(ঘ) তহবিলে অর্থ প্রাপ্তির উদ্যোগ গ্রহণ, ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

(ঙ) প্রশাসনিক ও আর্থিক ব্যবস্থাপনা সংশ্লিষ্ট ব্যয় মঞ্জুরি প্রদান;

(চ) তহবিলের অর্থ সরকারের অনুমোদনক্রমে সরকারি সিকিউরিটিজ বা কোন লাভজনক প্রতিষ্ঠান বা অনুরূপ কোন ক্ষেত্রে বিনিয়োগের সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন; এবং

(ছ) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, যে কোন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

**ট্রাস্টি বোর্ডের সভা**

৮। (১) এই ধারার অন্যান্য বিধানাবলী সাপেক্ষে, ট্রাস্টি বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) ট্রাস্টি বোর্ডের সভা, চেয়ারম্যানের সম্মতিক্রমে, উহার সদস্য-সচিব কর্তৃক আহূত হইবে এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে অনুষ্ঠিত হইবে :

তবে শর্ত থাকে যে, প্রতি ৬ (ছয়) মাসে ট্রাস্টি বোর্ডের অন্যূন একটি সভা অনুষ্ঠান করিতে হইবে :

আরো শর্ত থাকে যে, জরুরি প্রয়োজনে স্বল্প সময়ের নোটিশে ট্রাস্টি বোর্ডের সভা আহবান করা যাইবে।

(৩) চেয়ারম্যান ট্রাস্টি বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁহার অনুপস্থিতিতে চেয়ারম্যান কর্তৃক মনোনীত ট্রাস্টি বোর্ডের কোন সদস্য সভাপতিত্ব করিবেন।

(৪) ট্রাস্টি বোর্ডের সভার কোরামের জন্য মোট সদস্য সংখ্যার অন্যূন ৪ (চার) জন সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোন কোরামের প্রয়োজন হইবে না।

(৫) ট্রাস্টি বোর্ডের সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতিত্বকারীর দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

**পুরস্কার প্রবর্তন,**

৯। (১) ট্রাস্টি বোর্ড 'বঙ্গবন্ধু জাতীয় কৃষি পুরস্কার' নামে এক বা একাধিক জাতীয় পুরস্কার প্রবর্তন করিতে পারিবে।